বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা, ব্লক নং-ই, প্লট নং-১২/বি
শের-ই-বাংলা নগর, ঢাকা-/১২০৭
ফোনঃ ০২-৮১৮১২৮১ ফ্যাক্সঃ ০২-৮১৮১২৭৬
www.coastguard.gov.bd

স্মারক নং ৪৪.০৮.২৬৮০.০০০.০৩০.১৬.০০০১.২৬.৬৫৮

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**২টি হাই স্পিড বোট (ছোট) ক্রয়/নির্মাণ সংক্রান্ত**
**প্রাক-ক্রয় সভার (Pre-Procurement Conference) বিজ্ঞপ্তি**

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকল অংশীজনকে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ কোস্ট গার্ডের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ২টি হাই স্পিড বোট (ছোট) ক্রয়/নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত ক্রয়/নির্মাণ কার্যক্রমের জন্য নির্ধারিত চাহিদার বিপরীতে বিদ্যমান বাজার পরিস্থিতি, সম্ভাব্য সরবরাহকারী ও নির্মাতাদের সক্ষমতা, প্রযুক্তিগত বৈশিষ্ট্য এবং সম্ভাব্য ক্রয়ঝুঁকি মূল্যায়নের মাধ্যমে উপযুক্ত ক্রয়কৌশল প্রণয়নের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ২৪ মোতাবেক বাংলাদেশ কোস্ট গার্ড প্রারম্ভিক বাজার সম্পৃক্ততা (Early Market Engagement-EME) কার্যক্রম গ্রহণ করেছে।

২। উপর্যুক্ত লক্ষ্যকে বিবেচনায় নিয়ে ভবিষ্যৎ ক্রয়কার্যে দক্ষতা, স্বচ্ছতা এবং অর্থের সর্বোত্তম ব্যবহার (Value for Money) নিশ্চিতকরণার্থে সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে আগামী **০৬ আগস্ট ২০২৬** খ্রিস্টাব্দ তারিখ **সকাল ১১০০ ঘটিকায়** বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তরে একটি প্রাক-ক্রয় সভার (Pre-Procurement Conference) আয়োজন করা হয়েছে। উক্ত সভায় ২টি হাই স্পিড বোট (ছোট) ক্রয়/নির্মাণ সংক্রান্ত প্রাথমিক তথ্য, কারিগরি বিনির্দেশ (Staff Requirement) এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি উপস্থাপন করা হবে। এছাড়াও সরকারি ও বেসরকারি খাতে নিয়োজিত আগ্রহী ও সংশ্লিষ্ট ইকনোমিক অপারেটর, নির্মাতা, সরবরাহকারী, ঠিকাদার এবং অন্যান্য অংশীজনদের নিকট হতে বাজারে বিদ্যমান প্রযুক্তিগত সমাধান, পণ্যের বৈশিষ্ট্য, সরবরাহ সক্ষমতা এবং সম্ভাব্য বিকল্প ব্যবস্থা সংক্রান্ত মতামত গ্রহণ করা হবে।

৩। উক্ত প্রাক-ক্রয় সভায় অংশগ্রহণের আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহে আগামী **৩০ জুলাই ২০২৬** খ্রিস্টাব্দ তারিখের মধ্যে কোস্ট গার্ড সদর দপ্তরের পরিকল্পনা ও অর্জন পরিদপ্তর এ (ই-মেইলঃ plan_dte@coastguard.gov.bd) একটি আগ্রহব্যক্তকরণ ই-মেইল প্রেরণের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, উক্ত সভায় অংশগ্রহণের জন্য কোন নিবন্ধন ফি প্রয়োজন হবে না এবং অংশগ্রহণকারীগণকে কোন প্রকার ফি বা সম্মানি প্রদান করা হবে না। বেসরকারি খাতের উদ্যোক্তাগণ এ সম্মেলনকে ভবিষ্যত ব্যবসায়িক সম্ভাবনা অন্বেষণের পাশাপাশি দেশের উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার একটি সুযোগ হিসেবে বিবেচনা করতে পারেন।

৪। কর্তৃপক্ষ যে কোনো বা সকল আগ্রহব্যক্তকরণ অনুরোধ গ্রহণ না করার কিংবা প্রাক-ক্রয় সভা বাতিল করার অধিকার সংরক্ষণ রাখে।

পরিচালক, পরিকল্পনা ও অর্জন পরিদপ্তর
পক্ষে মহাপরিচালক